

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯০৮

৪৮/ কুরআনের ফযীলত (ﷺ کتاب فضائل القرآن عن رسول الله )পরিচ্ছেদঃ কুরআন শিক্ষা দান প্রসঙ্গে।

# بَابُ مَا جَاءَ فِي تَعْلِيمِ القُرْآنِ

#### আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا بِشِّرُ بْنُ السَّرِيِّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْثَد، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ، عَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " خَيْرُكُمْ \_ أَوْ أَفْضَلُكُمْ \_ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ ". هَذَا حَدِيثٌ حَسَنُ صَحِيحٌ . وَهَكَذَا رَوَى عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِي وَغَيْرُ وَاحِدٍ عَنْ سُفْيَانَ التَّوْرِي عَنْ عَنْ عَلْمَهُ الله عليه وسلم عَنْ عُثْمَانَ عَنِ النَّبِي صلى الله عليه وسلم وَسُفْيَانُ لاَ يَذْكُرُ فِيهِ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ .



وَسَعْدٍ.

#### বাংলা

২৯০৮. মাহমূদ ইবন গায়লান (রহঃ) ...... উছমান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মধ্যে সর্বোত্তম সেই ব্যক্তি যে কুরআন শিখে এবং কুরআন শিক্ষা দেয়। সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯০৮ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। আবদুর রহমান ইবন মাহদী প্রমুখ (রহঃ) সুফইয়ান ছাওরী ... আলকামা ইবন মারছাদ ... আবূ আবদুর রহমান ... উছমান রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এই হাদীসটি রিওয়ায়ত করেছেন। সুফইয়ান (রহঃ) এই সনদে সা'দ ইবন উবায়দা (রহঃ) এর উল্লেখ করেননি।

ইয়াইয়া ইবন সাঈদ আল-কাত্তান (রহঃ) এই হাদীসটি সুফইয়ান ও শু'বা ... আলকামা ইবন মারছাদ সা'দ ইবন উবায়দা ... আবু আবদুর রহমান ... উছমান রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত আছে। মুহাম্মাদ ইবন বাশশার (রহঃ) বলেন, সুফইয়ান (রহঃ) এর শাগরিদ এতে সা'দ ইবন উবায়দা (রহঃ) এর উল্লেখ করেননি। মুহাম্মাদ ইবন বাশশার (রহঃ) বলেন এটিই অধিক সহীহ।

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন, শু'বা (রহঃ) এই হাদীসটির সনদে সা'দ ইবন উবায়দা (রহঃ)-এর নাম অতিরিক্ত উল্লেখ করেছেন। সুফইয়ান (রহঃ)-এর রিওয়ায়তটিই অধিক সামঞ্জস্যপূর্ণ। আলী ইবন আবদুল্লাহ্ (রহঃ) বলেনঃ ইয়াহ্ইয়া ইবন সাঈদ (রহঃ) বলেছেন, আমার কাছে শু'বার সমান কেউ নেই। কিন্তু কোন রিওয়ায়তের ক্ষেত্রে সুফইয়ান (রহঃ) এর সঙ্গে তার মতপার্থক্য হলে আমি সুফইয়ান (রহঃ) এর বক্তব্যকে গ্রহণ করি।

আবূ আম্মার (রহঃ)-কে ওয়াকী (রহঃ) এর বরাতে বলতে শুনেছি যে, শু'বা (রহঃ) বলেছেনঃ সুফইয়ান আমার চেয়েও বেশি স্মরণ শক্তি সম্পন্ন ও সংরক্ষক। সুফইয়ান কারো বরাতে যখন আমাকে কিছু রিওয়ায়ত করেছেন আমি তখন ঐ ব্যক্তিকেও সেটি জিজ্ঞাসা করে দেখিছি। সুফইয়ান (রহঃ) যেমন রিওয়ায়ত করেছেন সে রকমই আমি তা পেয়েছি।

এই বিষয়ে আলী ও সা'দ রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে।

### **English**

Narrated 'Uthman [bin 'Affan]:

that the Messenger of Allah (ﷺ) said: "The best of you - or the most virtuous of you - is he who learns the Qur'an and teaches it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন